

নামকরণ

আমার মায়ের নাম 'প্রজাতান্ত্রিক দিবস'
আমার স্ত্রীর নাম 'ভাষা আন্দোলন'
আমার ছেলের নাম 'বাড়খন্ড'
আমার মেয়ের নাম 'বইমেলা'
(সবাই হাততালি দেয়)
আমার দেশের নাম 'ভোটে র্যাগিং'
আমার ভাষার নাম 'রেশন ভান্ডার'
আমার ধর্মের নাম 'মূল্যবৃদ্ধি'
আমার পাঠ্য-পুস্তকের নাম 'দমকলের অফিস'
(সবাই প্রতিবাদ করে)
আমার বন্ধুর নাম 'শহীদ দিবস'
আমার আরাধ্য দেবতার নাম 'কন্ট্রাসেপ্টিভ পিল'
আমার বাব্বীর নাম 'দ্বিত অশ্রুবিন্দু'
আমার চাকরের নাম 'স্টেশনে বিশ্রামাগারে'
(সবাই লাঠি - সোটা নিয়ে তেড়ে আসে)
আমার স্বপ্নের নাম 'নীল রাত, নিঝুম'
আমার প্রেমিকার নাম 'কুসুম'
(সবাই অবাক হয়ে তাকিয়ে থাকে)

তপন কুমার মাইতি

